গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২
www.prison.gov.bd

| | |
|---|---|
| ডায়েরী নং ২১৯ তারিখ: ২০/৪/২৬ | |
| ডিআইজি প্রিজন্স | |
| অ্যাডিশনাল ডিআইজি প্রিজন্স | |
| ডেপুটি জেলার | |
| সেল/উজ্জ্বল সহ/... | |

স্মারক নং ৪৪.০৪.০০০০.০৩৩.১৪.০০১.২৫. ২২৭

বিষয়: বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের সদস্য অন্তর্ভুক্তি না হওয়া এবং বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প ও স্বাস্থ্য নিরাপত্তা স্কিমের চাঁদা বকেয়া থাকায় মাসিক/বিশেষ দিনের আর্থিক প্রণোদনাসহ অন্যান্য আর্থিক বন্ধ রাখা সংক্রান্ত প্রসঙ্গে।

সূত্র : ক) কারা অধিদপ্তরের স্মারক নং ৫৮.০৪.০০০০.০৩৩.১৪.০০১.২৫.২৯৮ তারিখ ২৩/১০/২০২৫
খ) কারা অধিদপ্তরের স্মারক নং ৫৮.০৪.০০০০.০৩৩.১৪.০০১.২৫.২৭৭(১১৩) তারিখ ৩০/০৯/২০২৫
গ) কারা অধিদপ্তরের স্মারক নং ৫৮.০৪.০০০০.০৩৩.১৪.০০১.২৫.৫২(১১৩) তারিখ ১৬/০২/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প ও কারা কর্মচারী স্বাস্থ্য নিরাপত্তা স্কিমের ২০ সেপ্টেম্বর'২০২৫ তারিখে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প নীতিমালার অনুচ্ছেদ ৩(গ) **"কারা বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীদের জন্য এই প্রকল্পের অন্তর্ভুক্তি স্বেচ্ছামূলক"** শব্দগুলোর পরিবর্তে **"কারা বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ এই প্রকল্পের অন্তর্ভুক্ত"** শব্দগুলো সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হয়, যা কারা অধিদপ্তরের সূত্রস্থ 'ক' স্মারকের মাধ্যমে অধীনস্থদের অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের ও কারা কর্মচারী স্বাস্থ্য নিরাপত্তা স্কিমের বকেয়া চাঁদা পরিশোধের জন্য একাধিকবার তাগিদপত্রসহ সর্বশেষ সূত্রস্থ 'গ' স্মারকের মাধ্যমে ০৪ মার্চ'২০২৬ তারিখের মধ্যে বকেয়া চাঁদা পরিশোধে ব্যর্থ কর্মকর্তা/কর্মচারীদের প্রকল্পদ্বয়ের সকল ধরণের আর্থিক সুবিধা থেকে বঞ্চিত করা হবে মর্মে জানিয়ে দেওয়া হয়।

২। এমতাবস্থায়, আপনার বিভাগস্থ দপ্তর/কারাগারসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে যারা এখনও বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের সদস্যভুক্ত হননি এবং যাদের বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প ও কারা কর্মচারী স্বাস্থ্য নিরাপত্তা স্কিমের চাঁদা বকেয়া রয়েছে; তাদের **সদস্য অন্তর্ভুক্তিসহ বকেয় চাঁদা পরিশোধ না করা পর্যন্ত মে/২৬ হতে মাসিক ভর্তুকি/বিশেষ ভর্তুকি প্রদান বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়াও চাঁদা পরিশোধ না করার প্রেক্ষিতে এখন হতে বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প ও কারা কর্মচারী স্বাস্থ্য নিরাপত্তা স্কিমের সংশ্লিষ্ট আর্থিক সুবিধাদি বন্ধ রাখা হবে।**

৩। **উল্লেখ্য যে, হাইওয়েতে মোটর সাইকেল চালানোর বিষয়ে সুনির্দিষ্ট নিষেধাজ্ঞা থাকায় এখন হতে হাইওয়েতে মোটর সাইকেল দুর্ঘটনায় পতিতদের বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প ও কারা কর্মচারী স্বাস্থ্য নিরাপত্তা স্কিম এর আর্থিক সুবিধার বিষয়টি বিবেচনা নাও করা হতে পারে। ইতোপূর্বে জারিকৃত এতদসংক্রান্ত নির্দেশনাসমূহ সকল স্টাফকে অবগত করার জন্য অনুরোধ করা হলো।**

২১/৪/২১

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক।
☎- ৫৭৩০০২২২(দপ্তর)।

১। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
২। কারা উপ মহাপরিদর্শক, ..... বিভাগ, সকল বিভাগীয় দপ্তর।

কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়
সিলেট বিভাগ, জেল রোড, বন্দরবাজার, সিলেট।
www.prison.sylhetdiv.gov.bd

স্মারক নং-৫৮.০৪.৯১০০.০৬৬.০১.০০৬.২০২৬- ১২৬৭(৫) তারিখ: ২০.০৪.২০২৬।

অনুলিপি অবগতি ও পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র জেল সুপার/জেল সুপার, কেন্দ্রীয়/জেলা কারাগার-১/২ বাদাঘাট/বন্দরবাজার, সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ'কে অনুরোধ করা হলো

২০/০৪/২৬

মো: আমিরুল ইসলাম
অতিরিক্ত উপ কারা মহাপরিদর্শক
ও
কারা উপ মহাপরিদর্শক (অ: দা:)
সিলেট বিভাগ, সদর দপ্তর, সিলেট।
digsyldiv@prison.gov.bd

CamScanner